

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
ওয়েব সাইট : www. techedu.gov.bd  
ই-মেইল : techedu09@gmail.com

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.২৭.৩২৮.১৬. ১৫২৪

তারিখ : ০৭/১১/২০১৬ খ্রিঃ

বিষয় : মাগুরা টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইন্সট্রাক্টর(মেশিনিষ্ট) জনাব মোঃ শফিকুল ইসলাম এর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ সম্পর্কে বিস্তারিত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ালোকে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন মাগুরা টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইন্সট্রাক্টর(মেশিনিষ্ট) জনাব মোঃ শফিকুল ইসলাম এর বিরুদ্ধে নানা রকমের দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। মাগুরার নতুনবাজার এলাকার সাহাপাড়ার বাসিন্দা স্বপন এ অভিযোগ পত্রটি তদন্ত করে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করার অনুরোধ করেছেন। অভিযোগসমূহ হচ্ছে-

- ১। তিনি আরএসি ট্রেড সংশ্লিষ্ট না হওয়ায় ছাত্রছাত্রীদের ক্লাশ রুমে চুপচাপ বসিয়ে রাখেন। অন্যথায় ফেল করিয়ে দেয়ার হুমকি দেন। ছাত্র/ছাত্রীদেরকে ব্যক্তিগত কাজে লাগান। তিনি ক্লাশ রুমে কুরুচিপূর্ণ ভাষা ব্যবহার করেন। তিনি সর্বক্ষণ কেনাকাটা, পারিবারিক কাজ ও অবৈধ বিলভাউটার প্রস্তুতিতে ব্যস্ত থাকেন।
- ২। কম্পিউটার এবং ড্রাইভিং শর্ট কোর্সের ভর্তি ও ফরম পূরণের হিসাব সম্পূর্ণ নিজধীনে রেখে স্বাধীনভাবে খরচ দেখিয়ে অর্থ হাতিয়ে নেন।
- ৩। অবৈধভাবে সরকারি বাসায় সপরিবারে বসবাস করেন এবং বিদ্যুৎ বিল অফিস প্রদান করে।
- ৪। সিকিউরিটি-ইনচার্জ হিসাবে ক্রয় কমিটির কাউকে তোয়াক্বা না করে এককভাবে কেনাকাটা করেন এবং অতিরিক্ত দাম দেখিয়ে মোটা অংকের অর্থ হাতিয়ে নিচ্ছেন।
- ৫। কারিগরি শিক্ষা বোর্ডের সমস্ত গোপনীয় কাজের সাথে জড়িত থাকার সুবাদে ছাত্র/ছাত্রীদের কখনো হুমকি, কখনো প্রলোভন দেখিয়ে প্রতারণা করেন।
- ৬। তিনি প্রাক্তন অফিস সহায়ক জনাব মোঃ আমানত শেখ(বর্তমানে মেহেরপুর টিএসসিতে কর্মরত) কে শারিরিকভাবে লাঞ্চিত করেন এবং শার্ট ছিড়ে দেন।
- ৭। তিনি বরিশাল টেকনিক্যাল স্কুল ও কলেজে থাকাকালীন অধিদপ্তরের অনুমতি ছাড়া বিএসসি টেক ডিগ্রী লাভ করেন।
- ৮। তিনি উগ্র মেজাজের লোক এবং স্থানীয় প্রভাব খাটান। ব্যবহারিক পরীক্ষায় তাকে দায়িত্ব না দেয়া হলে অধ্যক্ষের সাথে অশোভন আচরণ করতে দ্বিধা করেন না।
- ৯। মাগুরা টেকনিক্যাল স্কুল ও কলেজে মেশিনিষ্ট ট্রেড নাই অথচ তিনি সেখানে কর্মরত থাকায় এবং নতুন করে পদায়নের সময় পদায়ন করা হয়েছে-এ নিয়ে তিনি অহংকার করেন।
- ১০। তাঁর আচরণ সকলে ঘৃণা করলেও স্থানীয় হওয়ার সুবাদে কেউ মুখে বলার সাহস পায় না।

এমতাবস্থায়, তাকে এ বিষয়ের প্রেক্ষিতে আগামী ১০(দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে বিস্তারিত প্রতিবেদন/মতামত প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

  
১১/১১/২০১৬  
(মোঃ মিজানুর রহমান)

যুগ্ম-সচিব

পরিচালক(ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অধ্যক্ষ

মাগুরা টেকনিক্যাল স্কুল ও কলেজ

মাগুরা।

কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।